রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
শাহজাদপুর, সিরাজগঞ্জ

Rabindra University, Bangladesh
Cell: 01819-198081
E-mail: registrar@rub.ac.bd
website : www.rub.ac.bd

স্মারক : রবিবা/প্রশা/রিসার্চ ও জার্নাল (২য় খন্ড)/৬৭১/২০২২/১৫ তারিখ : ০১.০১.২০২৫

বিজ্ঞপ্তি

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ-এর সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন-এর রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ কর্তৃক ২৩.১২.২০২৪ তারিখে ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১১৫২ স্মারকে **"ইউজিসি স্বর্ণপদক" ২০২২ ও ২০২৩-এর দরখাস্ত আহ্বানের সময়সীমা বৃদ্ধিকরণ** প্রসঙ্গে একটি পত্র পাওয়া গিয়েছে। পত্রের কপি প্রয়োজনীয় কার্যার্থে এতদ্‌সঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

০৫.০১-২০২৫
(প্রফেসর ড. সুমন কান্তি বড়ুয়া)
প্রো-ভাইস চ্যান্সেলর
ও
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বাংলা/সমাজবিজ্ঞান/অর্থনীতি/ম্যানেজমেন্ট/সংগীত বিভাগ, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
২. পিএস টু ভিসি (ভারপ্রাপ্ত), ভাইস-চ্যান্সেলর দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. সংশ্লিষ্ট কর্মকর্তা, প্রো ভাইস-চ্যান্সেলর দপ্তর, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (প্রো ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
৫. সংশ্লিষ্ট নথি।
৬. নোটিশ বোর্ড

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ

তারিখ: ৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১১৫২

বিষয়: 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর দরখাস্ত আহ্বানের সময় বৃদ্ধিকরণ।

জনাব,
আপনি নিশ্চয়ই অবগত আছেন যে, দেশের বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণকে তাঁদের মৌলিক গবেষণামূলক প্রবন্ধ ও পাঠ্যপুস্তক/গবেষণামূলক বা পর্যালোচনামূলক পুস্তকের জন্য বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন প্রতি বছর **'ইউজিসি স্বর্ণপদক'** প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় **২০২২ সালে** প্রকাশিত (১লা জানুয়ারি - ৩১শে ডিসেম্বর ২০২২) মৌলিক গবেষণামূলক প্রকাশনার নিমিত্ত **'ইউজিসি স্বর্ণপদক'** প্রদানের জন্য দরখাস্ত আহ্বানের লক্ষ্যে **'প্রথম আলো'** ও **'New Age'** পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত) এবং **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩**-এর আবেদনের শেষ সময় যথাক্রমে ১৬ নভেম্বর ২০২৩ এবং ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের পরিবর্তে আগামী ৩১ জানুয়ারি তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। একইসাথে বিজ্ঞপ্তিটি ইউজিসির ওয়েবসাইটে (www.ugc.gov.bd) আপলোড করা হয়েছে। সংযুক্ত বিজ্ঞপ্তিটি আপনার বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট/নোটিশবোর্ডে আপলোডের ব্যবস্থা গ্রহণসহ সকল শিক্ষকগণের মধ্যে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর জন্য ইতোপূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সকল সংযুক্তিসমূহ:
(১) ইউজিসি স্বর্ণপদক ২০২২ ও ২০২৩-এর দরখাস্ত আহ্বানের সময় বৃদ্ধিকরণ।

২৩-১২-২০২৪
দেওয়ান গোলাম সারোয়ার
উপপরিচালক
৫৮১৬০২৩১
dgsugc@ugc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। রেজিস্ট্রার (সকল পাবলিক বিশ্ববিদ্যালয়)।
২। রেজিস্ট্রার (সকল বেসরকারি বিশ্ববিদ্যালয়)।

তারিখ: ৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১১৫২/১ (৫)

রেজিস্ট্রার কার্যালয়
24 DEC 2024
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ

রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
24 DEC 2024
শাহজাদপুর, সিরাজগঞ্জ

নম্বর: ৩৭.০১.০০০০.০৭২.৪২.০১০.২৪.১১৫১

তারিখ: ৮ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২৩ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর দরখাস্ত আহ্বানের সময় বৃদ্ধিকরণ।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রবর্তিত **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩**-এর দরখাস্ত আহ্বানের সময়সীমা যথাক্রমে ১৬ নভেম্বর ২০২৩ এবং ২৪ ডিসেম্বর ২০২৪ তারিখের পরিবর্তে আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো এবং সেসাথে **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২**-এ যেসকল আবেদনকারী ঐসময় আবেদন করতে পারেননি তারা নির্ধারিত প্রোফর্মায় আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্তে **'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'**-এ রেজিস্ট্রেশনপূর্বক (https://www.mygov.bd/services/form?id=BDGS-1637554194) লিংকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে-

(১) দেশের পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের পূর্ণকালীন শিক্ষকগণ ইউজিসি স্বর্ণপদকের জন্য আবেদন করতে পারবেন। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশি নাগরিক হতে হবে;

(২) প্রকাশিত প্রবন্ধ/পুস্তক অবশ্যই **'ইউজিসি স্বর্ণপদক' ২০২২**-এর জন্য ২০২২ সালে এবং **'ইউজিসি স্বর্ণপদক' ২০২৩**-এর জন্য ২০২৩ সালে প্রকাশিত হতে হবে। দেশিয় সমস্যা সম্পর্কিত এবং দেশের মধ্যে সম্পাদিত গবেষণা কর্মের প্রকাশনাকে অগ্রাধিকার দেওয়া হবে;

(৩) যেকোনো প্রবন্ধ/পুস্তক পুনর্মুদ্রিত এবং অনলাইন প্রকাশনা গ্রহণযোগ্য হবে না;

(৪) শুধুমাত্র বর্ণনা ও জরিপমূলক, অনুবাদ বা সম্পাদনাকর্ম এবং Review Article, ইন্সটিটিউট, একাডেমি, সোসাইটি, সমিতি কর্তৃক পত্রিকায়/স্যুভেনির-এ প্রকাশিত পর্যালোচনামূলক প্রবন্ধ/পুস্তক স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না। এছাড়া ডিগ্রি অর্জনের জন্য গবেষণাকর্মের ভিত্তিতে রচিত প্রবন্ধ/পুস্তকও ইউজিসি স্বর্ণপদকের জন্য বিবেচিত হবে না;

(৫) চারুকলার ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনা, প্রদর্শনীর সিডি ও ক্যাটালগ এবং স্থাপত্যের ক্ষেত্রে আবেদনকারীকে বিগত ৫ (পাঁচ) বছরের পোর্টফলিও আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৬) আবেদনকারীকে আবেদন করার সময় অনধিক ২০০ (দুইশত) শব্দের মধ্যে একাডেমিক কার্যক্রমের উপর গুরুত্বারোপ করে জীবন-বৃত্তান্তের হার্ডকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙ্গিন ছবি এবং বিগত ৫ (পাঁচ) বছরের প্রকাশনার তালিকা (যদি থাকে) যথাযথ রেফারেন্সসহ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে;

(৭) যৌথ/একাধিক প্রকাশনার ক্ষেত্রে সকল Co-author-এর সম্মতিপত্রসহ Corresponding Author/First Author/Last Author আবেদন করতে পারবেন। তবে পুস্তকের ক্ষেত্রে লেখকগণের যৌথভাবে আবেদন করতে হবে;

(৮) একজন আবেদনকারী একই শাখায় একের অধিক আবেদন করতে পারবেন না। কোনো শাখায় একের অধিক আবেদন করলে ঐ শাখার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে;

(৯) আগামী ৩১ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে **'myGov (আমার সরকার) এক ঠিকানায় সকল সরকারি সেবা'**-

রেজিস্ট্রার কার্যালয়
24 DEC 2024
রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

২:৪৮ pm

এ অনলাইনে আবেদন করতে হবে এবং একইসাথে আবেদনের প্রিন্ট কপিসহ প্রকাশিত প্রবন্ধের ক্ষেত্রে ৬ কপি এবং পুস্তকের ক্ষেত্রে ৪ কপি হার্ডকপি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে **পরিচালক, রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর পৌছাতে হবে;

(১০) নীতিমালা ও সম্মতিপত্রের নমুনা ইউজিসির ওয়েবসাইটের (www.ugc.gov.bd) সম্মাননা সেবাবক্সে **'ইউজিসি স্বর্ণপদক'**-এ দেওয়া আছে;

(১১) ইউজিসি স্বর্ণপদক প্রদান সংক্রান্ত বিষয়ে **কমিশন কর্তৃপক্ষ** যেকোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখ্য, 'ইউজিসি স্বর্ণপদক' ২০২২ ও ২০২৩-এর জন্য ইতোপূর্বে আবেদনকারীগণের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২৩-১২-২০২৪
পরিচালক মহোদয়ের পক্ষে/-
দেওয়ান গোলাম সারোয়ার (উপপরিচালক)

পরিচালক, জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক, ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের স্ক্রলে প্রকাশসহ সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
২। অতিরিক্ত পরিচালক, রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৩। একান্ত সচিব (অতিরিক্ত পরিচালক), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৪। উপপরিচালক, পাবলিক রিলেশন্স ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য 'প্রথম আলো' ও 'New Age' পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।
৫। সহকারী পরিচালক, সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।
৭। ব্যক্তিগত কর্মকর্তা (পি ও), রিসার্চ এন্ড গ্রান্টস ম্যানেজমেন্ট বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।